

কাজেম আলী স্কুল এন্ড কলেজ

২য় মূল্যায়ন পরীক্ষা -২০২১ ইং

একাদশ শ্রেণী

বাংলা ১ম পত্র (বিষয় কোডঃ ১০১)


সময়ঃ ১.৩০ মি.

পূর্ণমানঃ ৫০

[দ্রষ্টব্যঃ প্রদত্ত উদ্দীপকগুলো পড় ও সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ডানপাশে পূর্ণমান জ্ঞাপক]

“ক” বিভাগ”

সৃজনশীল প্রশ্ন -৩০



- ক) গ্রামখানি কখন মেঘে ঢাকা থাকে? ১
- খ) সোনার তরীতে কবির স্থান হয়নি কেন? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের ছকে 'সোনার তরী' কবিতার কোন দিকটি আলোকপাত করা হয়েছে? —ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'সোনার তরী' কবিতায় কবির যে দর্শন প্রকাশ পেয়েছে উদ্দীপকের আলোকে তার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

১. বন্ধু, বলিনি বুট,
এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।
এই হৃদয়ই সে নীলাচল, কাশী, মথুরা, বৃন্দাবন,
বুদ্ধ-গয়া এ, জেরুজালেম্ এ, মদিনা, কাবা-ভবন,
মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়,
এইখানে ব'সে ঙ্গসা মুসা পেল সত্যের পরিচয়।
এই রণ-ভূমে বাঁশীর কিশোর গাহিলেন মহা-গীতা,
এই মাঠে হ'ল মেঘের রাখাল নবীরা খোদার মিতা।

- ক) ন্যাড়ারা কত জন দেব-দেবীর নাম জপ করেছে? ১
- খ) মৃত্যুঞ্জয়ের সাপুড়ে হয়ে যাবার কারণ কী? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্য রয়েছে? — আলোচনা কর। ৩
- ঘ) উদ্দীপকের সাথে 'বিলাসী' গল্পের মূলভাবের তাৎপর্য বহন করে — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২. সাহিত্যের উদ্দেশ্য সকলকে আনন্দ দেওয়া, কারও মনোরঞ্জন করা নয়। এ দুয়ের ভিতর যে আকাশ-পাতাল প্রভেদ আছে, সেইটা ভুলে গেলেই লেখকেরা নিজে খেলা না করে পরের জন্য খেলনা তৈরী করতে বসেন। সমাজের মনোরঞ্জন করতে গেলে সাহিত্য যে স্বধর্মচ্যুত হয়ে পড়ে, তার প্রমাণ বাংলাদেশে আজ দুর্লভ নয়।

- ক) বঙ্গদর্শন — প্রত্নিকার সম্পাদক কে? ১
- খ) 'অন্য উদ্দেশ্যে লেখনী- ধারণ মহাপাপ' — বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
- গ) উদ্দীপকের সাহিত্যের উদ্দেশ্যের সঙ্গে ' বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে কোন দিকটি প্রকাশ করে? — আলোচনা কর। ৩
- ঘ) 'উদ্দীপকে আলোচ্য প্রবন্ধের একটি দিক প্রকাশ পেয়েছে মাত্র'- মন্তব্যের পক্ষে তোমার মতামত দাও। ৪

বহুনির্বাচনী প্রশ্ন – ২০

১. ‘রফিক বন্ধুদের আড্ডায় আসর জমাতে অদ্বিতীয়’। রফিকের কোন গুনটি ‘অপরিস্রিত’ গল্পের হরিশের মাঝে লক্ষণীয় ?

ক) নৈতিকতা খ) সরস রসনার গুণ গ) গল্পগুজবে ঘ) আড্ডাবাজিতে

২. নন্দনকানন কী?

ক) লঙ্কাপুরী খ) স্বর্গের উদ্যান গ) যজ্ঞাগার ঘ) পৃথিবী

৩. এখনকার প্রবন্ধে ইংরেজী, সংস্কৃত, ফরাসি ও জার্মান ভাষার কোনটি দেখা যায়?

ক) প্রভাব খ) কোটেশন গ) অনুকরণ ঘ) অলঙ্কার

৪. মৃত্যুঞ্জয়ের বংশের নাম কী?

ক) চক্ৰতি খ) পালিত গ) মিত্রি ঘ) পাল

৫. ‘কামাখ্যা’ – কোথায় অবস্থিত?

ক) আসাম খ) হিমালয় গ) মিরিক ঘ) সিকিম

৬. ন্যাডার বয়স কত ?

ক) ৩০ এর কোঠায় খ) ৪০ এর কোঠায় গ) ৫০ এর কোঠায় ঘ) ৬০ এর কোঠায়

৭. পবিত্র কোরাআনে বর্ণিত ফেরেশতা ইস্রাফিল যেসব বিষয়ে দায়িত্বপ্রাপ্ত –

i) বৃষ্টি বন্টন ii) খাদ্য উৎপাদন iii) মহাপ্রলায়ের বাঁশি বাজানো

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে এবং ৮ নং প্রশ্নের উত্তর দাওঃ

আসিতেছে শুভদিন ,

দিনে দিনে বহু বাড়িয়েছে দেনা, শুধিতে হইবে ঋণ

৮. উদ্দীপক ও ‘বিদ্রোহী’ কবিতার মূলসুর কোনটি?

ক) ধ্বংস সৃষ্টির লক্ষ্যে খ) প্রেম ও দ্রোহের সমন্বয়

গ) অন্যায় শক্তির কাছে মাথা নত না করা ঘ) স্বস্তিতে বিদ্রোহের অবসান

৯. সোনার ধান মাঝিকে নেওয়ার অনুরোধের মধ্য দিয়ে কবিচিত্তের কোন দিকটি প্রকাশিত হয়েছে?

ক) আত্মসমর্পণের মানসিকতা খ) মুক্তিলাভের আকাঙ্ক্ষা

গ) স্বর্গলাভের আকাঙ্ক্ষা ঘ) সম্পদের প্রতি মোহ

১০. ‘মানসী’ – কী জাতীয় রচনা?

ক) কাব্যগ্রন্থ খ) উপন্যাস গ) ছোটগল্প ঘ) নাটক

১১. কবিতায় ‘ভরসা’ শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) আশা খ) নিরাশা গ) বিশ্বাস ঘ) অবলম্বন

১২. ‘কুলে একা বসে আছি, নাহি ভরসা’ বলতে কবি কী বুজিয়েছেন?

ক) অনিশ্চয়তা খ) অপ্রাপ্তিবোধ গ) হতাশা ঘ) আশঙ্কা

১৩. ‘সোনার তরী’ কবিতায় কৃষক কোন মাসে ধান কেটেছিলেন ?

ক) জ্যৈষ্ঠ খ) আষাঢ় গ) শ্রাবণ ঘ) ভাদ্র

১৪. রাম- রাবণের যুদ্ধে স্বপক্ষ ত্যাগীকারী –

ক) মহারথী খ) কুম্ভকর্ণ গ) বিভীষণ ঘ) অরিন্দম

১৫) লক্ষ্মণ নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশে সমর্থ হয়

i) মায়াদেবীর আনুকূল্যে ii) রামের দৈবশক্তির গুণে iii) বিভীষণের সহায়তার

ক) i ও iii খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে এবং ১৬ নং প্রশ্নের উত্তর দাওঃ

শাওন লেখালেখি করে অনেক খ্যাতিমান ও ধনী হতে চায়। এ কারণে প্রায়ই সে সমাজের

প্রভাবশালীদের তোষামোদ করে প্রবন্ধ রচনা করে।

১৬. ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ রচনা অনুসারে শাওনের কোন বৈশিষ্ট্য বিদ্যমান?

ক) বিদ্যা প্রকাশের চেষ্টা খ) অনুকরণপ্রিয়তা গ) লোকরঞ্জন – প্রবৃত্তি ঘ) অলংকারের অপপ্রয়োগ

১৭. ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ রচনাটি বঙ্কিমচন্দ্রের কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?

ক) লোকরহস্য খ) কৃষ্ণচরিত্র গ) কমলাকান্তের দপ্তর ঘ) বিবিধ প্রবন্ধ

১৮. প্রদোষ- শব্দের অর্থ কী?

ক) সকাল খ) সন্ধ্যা গ) বিকাল ঘ) রাত

১৯. রেলগাড়ীতে কল্যাণীর সাথে কয়টা মেয়ে ছিল ?

ক) দুই-তিনটা খ) তিন- চারটা গ) চার-পাঁচটা ঘ) পাঁচ- -ছয়টি

২০. বিনুদার ভাষা কেমন?

ক) খোলামেলা খ) রসিক গ) দরদি ঘ) ঊঁট

